দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUL 20 1999
পৃঃ 2 কলাম 2

77

# শিক্ষা সচিবের কারণ দর্শাও নোটিসে বিসিএস শিক্ষক সমিতির তীব্র ক্ষোভ

শিক্ষা সচিব কর্তৃক বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি ও মহাসচিবকে কারণ দর্শানো নোটিস জারি করায় দেশব্যাপী ক্যাডার সদস্যদের মধ্যে তীব্র ক্ষোভ দেখা দিয়েছে। তাঁরা মন্ত্রণালয়ের এ পদক্ষেপকে পক্ষপাতমূলক এবং নিবর্তনমূলক বলে অভিহিত করেন।

উল্লেখ্য, ক্যাডারবহির্ভূত শিক্ষকদের নিয়মের বাইরে ক্যাডার পদে পদায়নের প্রতিবাদ করে সম্প্রতি সমিতি মন্ত্রণালয়ে একটি স্মারকলিপি দিয়েছিল। এ প্রেক্ষিতেই শিক্ষা সচিব সমিতির সভাপতি প্রফেসর জাহানারা বেগম এবং মহাসচিব প্রফেসর মোঃ কফিল উদ্দিনকে কারণ দর্শাও নোটিস জারি করে।

মন্ত্রণালয়ের আচরণের প্রতিবাদে ঢাকাসহ দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে গতকাল সোমবার তাৎক্ষণিকভাবে শিক্ষকদের প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। শিক্ষকদের একটি প্রতিনিধি দল সোমবার সকালে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর নাইয়ার সুলতানার সঙ্গে দেখা করে তাদের ক্ষোভ প্রকাশ করেন। তারা কারণ দর্শানো নোটিস প্রত্যাহার এবং ক্যাডারভুক্ত ও ক্যাডারবহির্ভূত শিক্ষকদের আলাদাভাবে পদোন্নতি দেয়ার দাবি জানান। কারণ দর্শানো নোটিস প্রত্যাহার এবং পদোন্নতি প্রক্রিয়া চালু না হলে সমিতি ২২ জুলাই অনুষ্ঠিতব্য কেন্দ্রীয় কার্য নির্বাহী কমিটির সভায় কর্মসূচী গ্রহণ করবেন বলে জানান। –বিজ্ঞপ্তি।